# সভা নং-১১

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ২০২৫ খ্রিঃ এপ্রিল মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মাহমুদা জাহান<br>প্রশাসক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা । |
| সভার তারিখ | ঃ | ২৮/০৪/২০২৫খ্রিঃ সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| উপস্থিত সদস্যদের তালিকা | ঃ | পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ" । |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **স্বাস্থ্য বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, বর্তমানে সারা বিশ্ব একটি ভাইরাস **Human Metapneumo Virus** প্রাদুর্ভাব দেখা দিয়েছে, আমরা সকলে সচেতন হলে এর থেকে পরিত্রাণ সম্ভব। আমাদের সামনে রমজান মাস আসতেছে। রমজান আমাদের ব্যবসায়ীরা খাবারে রং মিশিয়ে পরিবেশন করেন। ব্যবসায়ীরা খাবারে রং না দিয়ে কাপড়ের রং খাবারে দেন যা স্বাস্থ্যর খুবই ক্ষতিকারক হিসেবে পরিলক্ষিত হয়। ব্রাহ্মণপাড়ার জন্ম মৃত্যু নিবন্ধন ১০০% উন্নতি করতে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনার সকল কর্মচারীগণকে নির্দেশ প্রদান করা হয়। হাসপাতালে গত মাসে প্রায় ৯০,০০০/- টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে। এছাড়াও হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |

০২. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা জানান যে,২০২৪-২০২৫ ইং অর্থবছরের উন্নয়ন তহবিল আওতায় উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক নিম্নোক্ত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য উপস্থাপন করা হলোঃ

| ক্র.নং | প্রকল্পের নাম | পিআইসি/ দরপত্র ও আরএফকিউ | সম্ভাব্য ব্যয় | ইউনিয়ন |
|---|---|---|---|---|
| ১. | শিদলাই - প্রজাপতি যাওয়ার রাস্তায় বন্যায় ক্ষতিগ্রস্ত ভাঙ্গা স্থান মেরামত। | আরএফকিউ | ৩,০০,০০০.০০ | শিদলাই |
| ২. | চান্দলা ইউনিয়নে বড়ধুশিয়া আরএন্ডএইচ-কালামুড়িয়া সড়ক পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন। | পিআইসি | ২,০০,০০০.০০ | চান্দলা |
| ৩. | শশীদল সেনের বাজার হতে ধান্যদৌল রাস্তার রেলওয়ে লেভেল ক্রসিং মেরামত। | পিআইসি | ১,৫০,০০০.০০ | শশীদল |
| ৪. | শশীদল ইউনিয়নে বাগড়া জসিম উদ্দিনের বাড়ী হতে সালদা নদী সড়কের পাশে প্যালা ওয়াল নির্মাণ ও সড়ক উন্নয়ন। | দরপত্র | ৫,৫০,০০০.০০ | |
| ৫. | শশীদল ইউনিয়নে নাগাইশ দক্ষিণপাড়া মুজাফফর হোসেন টিটি বাড়ীর সড়ক উন্নয়ন। | দরপত্র | ৫,৭০,০০০.০০ | |
| ৬. | শশীদল ইউনিয়নে নাগাইশ উত্তর কোনাপাড়া সড়ক উন্নয়ন। | দরপত্র | ৩,৫০,০০০.০০ | |
| ৭. | শশীদল ইউনিয়নে যুগ্মসচিব এনামুল হক সাহেবের বাড়ী হতে নাগাইশ সড়ক পর্যন্ত রাস্তার পাশে ড্রেইন নির্মাণ। | দরপত্র | ২,৯০,০০০.০০ | |
| ৮. | শশীদল রেল স্টেশন - তোতামিয়া মেম্বার বাড়ী পর্যন্ত সড়কের পাশে পুকুরে প্যালা ওয়াল নির্মাণ। | পিআইসি | ১,৫০,০০০.০০ | |
| ৯. | শশীদল ইউনিয়নের অন্তর্ভূক্ত মল্লিকা দিঘী হাইওয়ে রোড সৈনিক মার্কেটের উত্তর পাশ দিয়ে রোড- টু-জনাব বজলুর রহমান বাড়ী পর্যন্ত সড়কের পাশে গাইড ওয়াল নির্মাণ। | পিআইসি | ২,০০,০০০.০০ | |
| ১০. | দুলালপুর ইউনিয়নে টাটেরা- ছাতিয়ানী-গোপালনগর সড়কের অবশিষ্ট ৪৮ মিটার সড়ক এইচবিবি দ্বারা উন্নয়ন। | দরপত্র | ৩,১৮,৪৯৭.০০ | দুলালপুর |
| ১১. | ডগ্রাপাড়া প্রাথমিক বিদ্যালয়ের দক্ষিণ দিকে খুদির বাড়ীর রাস্তা সিসি করণ। | পিআইসি | ১,৫০,০০০.০০ | ব্রাহ্মণপাড়া সদর ইউনিয়ন |
| ১২. | নাইঘর নোয়াপাড়া আফিয়া রশিদ হাফেজিয়া মাদ্রাসা ও এতিমখানার গেইট নির্মাণ। | পিআইসি | ১,০০,০০০.০০ | |
| ১৩. | সদর ইউনিয়নে দীর্ঘভূমি কেন্দ্রীয় ঈদগাহ এর পূর্ব পাশে প্যালা ওয়াল নির্মাণ। | আরএফকিউ | ৩,৮০,০০০.০০ | |
| ১৪. | ডগ্রাপাড়া বীর মুক্তিযোদ্ধা ইদ্রিস মিয়া কমান্ডারের বাড়ী হতে খান বাড়ী মসজিদ হয়ে গনি মিয়ার বাড়ী সড়ক সিসি করণ। | পিআইসি | ২,০০,০০০.০০ | |
| ১৫. | ব্রাহ্মণপাড়া পূর্বপাড়া আমির মিয়ার বাড়ির দক্ষিণ পাশ থেকে মোঃ আবুল কাশেমের বাড়ি পর্যন্ত মাটি ভরাট ও গাইড ওয়াল নির্মাণ। | দরপত্র | ৩,০০,০০০.০০ | |
| ১৬. | ব্রাহ্মণপাড়া থানায় গোলঘর নিমার্ণ। | পিআইসি | ২,০০,০০০.০০ | |
| ১৭. | সাহেবাবাদ ইউনিয়নে বীর প্রতীক মকবুল হোসেন এর বাড়ী রাস্তা সিসি করণ। | পিআইসি | ২,০০,০০০.০০ | সাহেবাবাদ |
| ১৮. | সাহেবাবাদ ইউনিয়নের ১ নং ওয়ার্ডে ছাতিয়ানী কেন্দ্রীয় ঈদগাহ ও কবরস্থানের রাস্তার পাশে প্যালা ওয়াল নির্মাণ। | আরএফকিউ | ৩,৫০,০০০.০০ | |
| ১৯. | সাহেবাবাদ ইউনিয়নের জিরুইন রেজভী মসজিদ থেকে দঃ জিরুইন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তাটি উন্নয়ন (দৈর্ঘ্য ৫০০ মিটার)। | দরপত্র | ২,০০,০০০.০০ | |
| ২০. | শেখ বাহরের কবরস্থানের সামনে থেকে ভূইয়া বাড়ির সড়ক সিসি ঢালাই করন | দরপত্র | ৩,০০,০০০.০০ | মালাপাড়া |
| ২১. | বেজুরা ময়নাল হোসেনের বাড়ী সংলগ্ন খালের উপর ফুট ব্রীজ নির্মাণ | দরপত্র | ৫,০০,০০০.০০ | দুলালপুর |
| | | | ৫৯,৫৮,৪৯৭.০০ | |

**সিদ্ধান্ত ঃ উন্নয়ন তহবিল এর প্রকল্প তালিকা অনুমোদন হয় পিআইসি, আরএফকিউ ও দরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।**

০৩. উপজেলা প্রকৌশলী: ব্রাহ্মণপাড়া জানান যে, নতুন সড়ক অন্তভুক্তিকরণের ছক "পরিশিষ্ট" — উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া

| উপজেলার নাম | ক্রমিক নং | সড়কের আইডি নম্বর | সড়কের শ্রেণি | Start এবং End Point অনুযায়ী সড়কের নাম | পরিমাপ অনুযায়ী সড়কের দৈর্ঘ্য (কি: মি:) | নতুন সড়ক অন্তভুক্তিকরণের কারণ ব্যাখ্যাসহ যুক্তি প্রমান করতে হবে। |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| Brahmanpara | 1 | 419154071 | VR-A | (0304) Chandla Bazar Purba pucca Road Horarpar Govt. pry.School Road | 0.750 | সড়ক গুলো ইতিমধ্যে মাটিদ্বারা উন্নয়ন করা হয়েছে বিধায় ইনভেন্টরিতে অন্তর্ভূক্তির প্রস্তাব করা হয়েছে। |
| | 2 | 419154072 | VR-A | (0104) Madhabpur up office Road Mongoch Madrasha near of mono member House- mongoch Central Mosque road via primary School Road | 0.800 | |
| | 3 | 419154073 | VR-A | (0105) Shaitshala School Madrasha-Beelphar Road | 0.800 | |
| | 4 | 419155374 | VR-A | (0105) Shaitshala TB School Beelphar Road. | 0.550 | |
| | 5 | 419155375 | VR-A | (0105) Shaitshala Akhond Bari Graveyard West para Bir Moktijoddha Tajul Islam Bari Road via uttarpara Road. | 1.700 | |

সিদ্ধান্ত ঃ অনুমোদন করা হয় বাস্তবায়নে এলজিইডি, কুমিল্লা।

| | | | |
|---|---|---|---|
| ০৩. | **কৃষি বিভাগ :** উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বোরো ফসলের কর্তন শুরু হয়েছে। বোরো ধানের ফলন ভালো। ২০২৪-২০২৫ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে আউশ ফসলের আবাদ বৃদ্ধির জন্য ৩৫০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে জনপ্রতি ৫ কেজি হারে উফশী বীজ এবং ১০কেজি হারে ডিওপি সার ও ১০ কেজি হারে এমওপি সার বিতরণের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন হয়। ব্রাহ্মণপাড়া উপজেলার কৃষির সার্বিক অবস্থা সন্তোষজনক ও দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া |
| ০৪. | **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য খাদ্য প্রতিষ্ঠানকে লাইসেন্স নবায়নের কাজ চলছে। ২০২৪-২০২৫ অর্থবছরের প্রশিক্ষণ কর্মসূচির লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। প্রদর্শণী খামার নির্বাচন চলমান। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে পবিত্র রমজান মাস উপলক্ষে স্বল্প আয়ের মানুষের মাঝে সুলভ মূল্যে দুধ, ডিম বিক্রির কার্যক্রম চলমান আছে।অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, পবিত্র মাহে রমজান ও শবে কদর ও ঈদুল ফিতর দীর্ঘ ছুটির পর ৭ এপ্রিল/২৫ পর্যন্ত বিদ্যালয় খোলেছে এবং পাঠদান কার্যক্রম সহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিদ্যালয়ে ভৌত অবকাঠামো উন্নয়নের জন্য নতুন ভবন অতিরিক্ত শ্রেণি কক্ষ এবং সীমানা প্রাচীর নির্মাণ কাজ চলমান তা অত্যন্ত ধীরগতি ফলে শিক্ষার্থীদের পাঠদানে ব্যাঘাত হচ্ছে।<br>পয়নিষ্কাশনের জন্য ওয়াশব্রক তৈরী বরাদ্দ এসেছে। তার অধিকাংশ বিদ্যালয়ে ওয়াশব্রকের কাজ বন্ধ এবং মান ও ভালো নয়। এছাড়া প্রাথমিক বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, নকলমুক্ত পরিবেশে সুষ্ঠভাবে এস.এস.সি ও সমমানের পরীক্ষা/২০২৫ চলমান আছে। আজ পর্যন্ত বহিস্কারের মত কোন ঘটনা ঘটেনি।<br>বিনামূল্যের স্কুল শ্রেণির সকল বই পাওয়া গেছে এবং তা প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে।<br>৬ষ্ঠ একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীর উপবৃত্তির অনলাইনে আবেদন চলছে আবেদন শুধুমাত্র ৬ষ্ঠ ও একাদশ শ্রেণির শিক্ষার্থীগণ করতে পারবে। গরীব মেধাবী সকল শিক্ষার্থীই আবেদন করতে পারবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৮. | **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, সমাজসেবা কার্যালয়ে ৪র্থ কিস্তির ভাতার বিষয়ে প্রতারক হতে সাবধান থাকার জন্য চেয়ারম্যান মহোদয়গণের মাধ্যমে ওয়ার্ডে ওয়ার্ডে প্রচার চালানোর কথা বলা হয়। অত্র কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | সমাজ সেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ০৯. | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলমান অর্থ বছরে মার্চ/২৫ পর্যন্ত ৩৪ জন যুব ও যুব মহিলাদের মাঝে ২২,৭০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়। বিভিন্ন বিষয়ে ৩০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়।৬০ জনের প্রশিক্ষণ চলমান আছে। চলমান মাসে যুব ঋণ আদায়ের হার ক্রমপুঞ্জিত ৯৩.৩১%। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১০. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২৪-২৫ অর্থ বছরে ৩য় পর্যায় খাত ওয়ারী বরাদ্দ টিআর,কাবিখা (গম), কাবিটা প্রকল্পের তালিকা জেলা কর্ণধার কমিটির থেকে অনুমোদন হয়েছে এবং ইউনিয়ন গুলি কাজ শুরু করেছে কাবিখা চাল প্রকল্পের তালিকা উপজেলা কমিটি থেকে প্রেরণ করা হয়েছে জেলা কর্ণধার কমিটির নিকট।<br>১। শশীদল ইউনিয়নের জনাব মোঃ তাজুল ইসলাম,পিতা-মৃত মালু মিয়া,গ্রাম-চৌব্বাস, ডাকঘর-মন্দভাগ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা গত ০৮/০৪/২০২৫ তারিখে তাঁহার ০৩টি বসত ঘর অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হয় মর্মে চেয়ারম্যান শশীদল ইউনিয়ন পরিষদ হতে পত্র দেয়া হয়।<br>২। সাহেবাবাদ ইউনিয়নে সাহেবাবাদ গ্রামে আবু বক্কর ছিদ্দিক, পিতা-বশরত আলী, গ্রাম-সাহেবাবাদ, ব্রাহ্মণপাড়া গত ০৮/০৪/২০২৫ তারিখে তাঁহার ০১টি বসত ঘর অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হয় মর্মে ঘরগুলো অপ্রত্যাশিত খাত হতে মেরামত করার জন্য আর্থিক সহায়তা প্রদানে সভায় বিস্তারিত আলোচনা করেন। | অনুমোদন করা হয় ও মোঃ তাজুল ইসলাম এর ঘর মেরামতে ১,০০,০০০/- ও আবু বক্কর ছিদ্দিক ৫০,০০০/- টাকা অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ঘরগুলো নির্মাণে আর্থিক সহায়তা করার অনুমোদিত হয়। উপজেলা রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১১. | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৪-২০২৫ চক্রের উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে সার্ভারে সমস্যা থাকায় আবেদন প্রক্রিয়া আপাতত বন্ধ রয়েছে পরবর্তী নির্দেশনা পাওয়া মাত্র সকলকে অবহিত করা হবে।<br>কিশোর- কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। ২০২৫ সালে ক্লাব সদস্য নির্বাচনের লক্ষে শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক নিয়োগের লক্ষে যাচাই বাছাই পূর্বক আবেদন পত্র সমূহ সদর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>এপ্রিল/২০২৫ মাসে বাল্য বিবাহের কোন অভিযোগ পাওয়া যায়নি। | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| | উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা প্রকল্প ২য় পর্যায়) উপজেলা জানান যে, উপজেলা তথ্যকেন্দ্রের ডোর টু ডোর তথ্যা ভিত্তিক এবং ০২টি উঠান বৈঠকসহ সকল সেবা চলমান রয়েছে। | | তথ্য সেবা কর্মকর্তা |
| ১২. | **উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৫০২৫ জনের মধ্যে খাবার বড়ি ১৬৭৪১ জন, কনডম ২৬১৬ জন, ইনজেকশন ৫৮৬৯ জন, আইইডি ১৬৫৩জন, ইমপ্লান্ট-২৯৯৭ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫২২জন এবং মহিলা ৩৯৮২জন, ইউনিয়নের মোট ৩৪৩৮০ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৬.৩৬%। মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৮৬৪ জন, চলতি মাসে নতুন গর্ভবতী ১৬৬ জন,গর্ভকালীন ৭৫০জন ও গর্ভোত্তর ৫৮৮ জনকে সেবা প্রদান করা হয়েছে। ফেব্রুয়ারি/২৫ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৫৭ জন। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | **একটি বাড়ী একটি খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক) :** উপজেলা পল্লী সঞ্চয় ব্যবস্থাপক সভায় জানান তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | ব্যাবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ব্রাহ্মণপাড়া |
| ১৫. | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে,সমবায় বিভাগে কার্যকর সমবায় সমিতির সংখ্যা ২৮টি, অকার্যকর সমবায় সমিতির সংখ্যা ১৩৮টি, মোট সমবায় সমিতির সংখ্যা ১৬৬টি। সকল সমবায় সমিতিগুলো অডিট,পরিদর্শন এবং সমিতি সদস্যদেরকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করে থাকি। সমবায় বিভাগের সার্বিক কার্যক্রম ভালো আছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে,UNICEF Supported Eastern Flood Response-2 প্রকল্পের কাজ গত মাসে শুরু হয়েছে। বর্তমানে কাজ চলমান রয়েছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের নলকূপের কাজ আগামী সপ্তাহে শুরু হবে। | | জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা |
| ১৭.. | **বন বিভাগ :** ফরেস্টার সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | |
| ১৮ | **পল্লী বিদ্যুৎঃ** ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, সরকারি সকল অফিস বাসা বাড়ী ও উপজেলা মডেল মসজিদের বকেয়া সহ সামগ্রিক বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| ১৯ | **বিবিধ আলোচনা ঃ** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন** |

| | |
|---|---|
| ক. উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা জানান যে, উপজেলা নির্বাহী অফিসার ঈদ-উল-আযহা ২০২৫ খ্রিঃ (১৪৩২বাংলা) উপলক্ষে অস্থায়ী পশুর হাট ইজারা প্রদানের নিমিত্ত ২০টি বাজারের তালিকা সভায় উপস্থাপন করেন। | উপজেলা প্রশাসন, ব্রাহ্মণপাড়া |

| ক্রমিক নং | হাট-বাজার/স্থানের নাম | ইউনিয়নের নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | কান্দুঘর বাজার সংলগ্ন খালি জায়গা | মাধবপুর | |
| ০২ | শিদলাই সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন মাঠ | শিদলাই | |
| ০৩ | দিঘীরপাড় টাওয়ার মার্কেট | শিদলাই | |
| ০৪ | চান্দলা বালুর মাঠ | চান্দলা | |
| ০৫ | চারিপাড়া বাজার | চান্দলা | |
| ০৬ | বড়ধুশিয়া দক্ষিণ বাজার | চান্দলা | |
| ০৭ | দেউশ বাজার | শশীদল | |
| ০৮ | নাগাইশ বাজার | শশীদল | |
| ০৯ | দক্ষিণ শশীদল সেনের বাজার | শশীদল | |
| ১০ | হরিমঙ্গল বাজা | শশীদল | |
| ১১ | দুলালপুর খেলার মাঠ | দুলালপুর | |
| ১২ | গোপালনগর দক্ষিন বাজার | দুলালপুর | |
| ১৩ | ব্রাহ্মণপাড়া মোশারফ হোসেন খান চৌধুরী কলেজ সংলগ্ন উত্তর দিকে মাঠে অস্থায়ী পশুর হাট | ব্রাহ্মণপাড়া সদর | |
| ১৪ | ধান্যদৌল বাজার সংলগ্ন কল্পবাস রোডের পশ্চিম দিকে খোলা মাঠে অস্থায়ী পশুর হাট | ব্রাহ্মণপাড়া সদর | |
| ১৫ | টাকই কেন্দ্রিয় জামে মসজিদ সংলগ্ন আড়ং | সাহেবাবাদ | |
| ১৬ | জিরুইন বটতলী বাজার | সাহেবাবাদ | |
| ১৭ | রামনগর বাজার | মালাপাড়া | |
| ১৮ | অলুয়া দক্ষিনপাড়া | মালাপাড়া | |
| ১৯ | আছাদনগর কলেজ গেইট | মালাপাড়া | |
| ২০ | মনোহরপুর চৌমুহনী খেলার মাঠ | মালাপাড়া | |

সিদ্ধান্তঃ আসন্ন ঈদুল আযহা/২০২৫ইং উপজেলা প্রস্তাবিত ২০টি বাজার ইজারা প্রদানের অনুমতি প্রদানের জন্য জেলা প্রশাসক কুমিল্লা মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28.04.2025
(মাহমুদা জাহান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০
তারিখ:২৮/০৪/২০২৫খ্রি.

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২৪-২২ (২৮)

**অনুলিপি :**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, কুমিল্লা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।

(১–৫) সদয় অবগতির জন্য।

৬. চেয়ারম্যান...............................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। অবগতি ও কার্যার্থে।
৭. অফিস নথি।

28.04.2025
(মাহমুদা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।